# মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
বাগজান, মুলজান, মানিকগঞ্জ।
ISO 9001:2008 CERTIFIED

টেলিফোনঃ ০২-৭৭১০৬৯৮, অভিযোগ কেন্দ্রঃ ০২-৭৭১০৫৬৩, ফ্যাক্সঃ ০২-৭৭১০৯১৩, ই-মেইলঃ gmpbsmnk@yahoo.com


স্মারক নং-২৭.১২.৫৬০০.৫৪১.০২.০০৮.২৪. ৫৪৮৫ তারিখঃ ১৫ পৌষ ১৪৩১ / ৩১ ডিসেম্বর ২০২৪

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে ক্যাশিয়ার এর শুন্য পদ পূরনের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য সংশোধিত পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সহকারী ক্যাশিয়ারগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### পদের নামঃ **ক্যাশিয়ার**

**আবেদন করার পদ্ধতিঃ**

আবেদনকারী পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রের সাথে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের ফটোকপি, পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের ফটোকপি, বিগত ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি {ছবি এবং দরখাস্তের সাথে দাখিলকৃত সকল কাগজপত্র এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে}, বিগত ০৫(পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) ও বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন অথবা ফৌজদারী মামলা চলমান আছে কিনা উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সু-স্পষ্ট সুপারিশ ও বিনা আপত্তি সনদপত্রসহ ২০/০১/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে স্ব-শরীরে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর (মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মুলজান, মানিকগঞ্জ)-এ উপস্থিত হতে হবে।

**প্রার্থীর যোগ্যতাঃ**

০১। প্রার্থীকে এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে কমপক্ষে ৩ অথবা সমমান ফলাফল থাকতে হবে।

০২। সহকারী ক্যাশিয়ার পদে নূন্যতম ০৭ (সাত) বৎসরের কাজের অভিজ্ঞতা (নিয়মিত হিসেবে) থাকতে হবে। প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ১০ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ টাইপের দক্ষতা থাকতে হবে।

০৩। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।

০৪। কম্পিউটার এবং অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষনাবেক্ষনের অভিজ্ঞতা থাকতে হবে।

০৫। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।

**শর্তাবলীঃ**

০১। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষন করা হবে।

০২। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (মানিকগঞ্জ সদর, সিংগাইর, শিবালয়, হরিরামপুর, ঘিওর, দৌলতপুর এবং সাটুরিয়া উপজেলা) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৩। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী অথবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কিংবা তাদের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।

০৪। যে সকল প্রার্থী বিগত ০৩(তিন) বছরের মধ্যে কোন গুরুদন্ড, ০১ (এক) বছরের মধ্যে কোন লঘু দন্ড, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড, বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড, বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন অথবা যাদের বিরুদ্ধে কোন তদন্ত প্রক্রিয়াধীন বা ফৌজদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৫। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর বিধি-বিধান প্রতিপালন করা হবে।

০৬। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী উত্তীর্ণ প্রযোজ্য প্রশিক্ষণসমূহের ফলাফলের সত্যায়িত ফটোকপি আবেদনের সহিত দাখিল করতে হবে।

অঃপৃঃ দ্রঃ

০৭। নির্বাচিত প্রার্থীকে নিরাপত্তা জামানত হিসাবে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা জমা দিতে হবে যা সফল ও সন্তোষজনক চাকুরী শেষে সুদসহ ফেরৎ প্রদান করা হবে।

০৮। বিগত ০৫ (পাঁচ) বছরেরর মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা হিসাবে কোন দন্ড নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সু-স্পষ্ট সুপারিশ থাকতে হবে।

০৯। পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সুপারিশ অনুযায়ী অযোগ্য হিসাবে বিবেচিত হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নেই।

১০। পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা, বাপবিবোর্ড/পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

১১। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত।

১৪। নিয়োগ সংক্রান্ত শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**(মোঃ সুলতান নাছিমুল হক)**
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ করা হলো)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..........পবিস-১/২/৩/৪।
০৬। ডিজিএম (সিংগাইর/মানিকগঞ্জ/ঘিওর জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরী), মানিকগঞ্জ পবিস।
০৭। এজিএম, (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম/সদস্য সেবা/সাটুরিয়া/ঝিটকা সাব-জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
০৮। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মানিকগঞ্জ পবিস-(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৯। নোটিশ বোর্ড, মানিকগঞ্জ পবিস।

**(মোঃ সুলতান নাছিমুল হক)**
সিনিয়র জেনারেল ম্যানেজার